



## আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারদের আবেদনের যোগ্যতার শর্তাবলী।

- ১। আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারদের বয়স ন্যূনতম ২৫ বৎসর হওয়ার পাশাপাশি মানসিকভাবে ভারসাম্যপূর্ণ হতে হবে।
- ২। আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/শেয়ার হোল্ডারকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা যে কোন দেশের বৈধ নাগরিক হতে হবে। বিদেশী বৈধ নাগরিকের ক্ষেত্রে বাংলাদেশে ব্যবসা করার জন্য যথাযথ বৈধ নথিপত্র (যেমনঃ BIDA-এর অনুমতিপত্র/বিজনেস ভিসা/ইনভেস্টমেন্ট ভিসা/ বাংলাদেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমতিপত্র ইত্যাদি) থাকতে হবে।
- ৩। সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে ব্যক্তিগত নং ও পদবী (প্রদত্ত জীবন বৃত্তান্তে ও তালিকাভুক্তি আবেদন ফর্মে) অবশ্যই উল্লেখ থাকতে হবে। এ ক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২২ প্রণিধানযোগ্য। অফিসার ব্যতীত অন্যান্য পদবী এবং বেসামরিক সদস্যদের ক্ষেত্রে চাকুরী অবসরের প্রত্যয়নপত্র বই এর ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৪। চাকুরীরত সামরিক/অসামরিক কর্মকর্তা এবং কর্মচারীগণের ক্ষেত্রে আর্মি রেগুলেশন (রুলস) ৩২১ এবং আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন) ২৩৯ ও ২৪০ প্রণিধানযোগ্য।
- ৫। সশস্ত্র বাহিনীতে কর্মরত/এলপিআর ভোগরত সদস্যের স্বামী/স্ত্রী কর্তৃক ব্যবসার উদ্দেশ্যে তালিকাভুক্তির নিরাপত্তা ছাড়পত্র চাহিদা করা হলে স্ব স্ব বাহিনীর গোয়েন্দা পরিদপ্তর/যথাযথ কর্তৃপক্ষ থেকে ছাড়পত্র গ্রহন করতে হবে এবং ছাড়পত্রের কপি নথিপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। কোন লিমিটেড/যৌথ মালিকানাধীন কোম্পানী/ **Group of Company** বা বহুমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/ চেয়ারম্যান/ পরিচালক/ শেয়ারহোল্ডার/ অংশীদারদের মালিকানাধীন একাধিক প্রতিষ্ঠানের অনুকূলে তালিকাভুক্ত করা যাবে। এছাড়াও একই পরিবারভুক্ত সদস্য কর্তৃক পরিচালিত একক মালিকানাধীন প্রতিষ্ঠানকেও তালিকাভুক্ত করা যাবে। এক্ষেত্রে, তালিকাভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক এই মর্মে অংশীকারনামা প্রদান করতে হবে যে, একই দরপত্রে কোন লিমিটেড/যৌথ মালিকানাধীন কোম্পানী/ **Group of Company** বা বহুমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/ পরিচালক/শেয়ার হোল্ডার/অংশীদারদের মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ এবং একই পরিবারভুক্ত সদস্যদের মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ থেকে একটির বেশী প্রতিষ্ঠান উক্ত দরপত্রে অংশগ্রহন করতে পারবে না।
- ৭। প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এ উল্লেখিত ঠিকানায় অবশ্যই ব্যবসা প্রতিষ্ঠানের অফিস/কার্যালয় থাকতে হবে। এছাড়া ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরণে সরবরাহকারী অবশ্যই উল্লেখ থাকতে হবে (প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অবশ্যই ট্রেড লাইসেন্সে প্রদত্ত নাম ও ঠিকানার অনুরূপ হতে হবে)।
- ৮। আবেদনকারীকে অবশ্যই করদাতা হতে হবে। তালিকাভুক্ত সংস্থার শ্রেণী/ক্যাটাগরী মোতাবেক বিগত তিন অর্থ বৎসরের আয়কর প্রদানের সামঞ্জস্যতা এবং আর্থিক সক্ষমতা থাকতে হবে। প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীর বিগত তিন অর্থ বছরের আয়কর পরিশোধের সনদপত্র ও প্রাপ্তিস্বীকার/রিসিট দাখিল করতে হবে। আয়কর প্রদান সংক্রান্ত নির্দেশাবলী অত্র নীতিমালার অনুচ্ছেদ ১১ চ তে বিস্তারিতভাবে দেয়া হলো।
- ৯। গ্রুপ সমূহ। ডিজিডিপির মাধ্যমে ক্রয়তব্য সকল পণ্য সামগ্রীকে নিম্নোক্ত ১২ টি গ্রুপে বিভক্ত করা হয়েছেঃ
  - ক। গ্রুপ- ১ : যান্ত্রিক পরিবহন এবং এর যন্ত্রাংশ ও ব্যাটারী।
  - খ। গ্রুপ- ২ : সংকেত, ইলেকট্রনিক্স, বৈদ্যুতিক সরঞ্জাম ও এর যন্ত্রাংশ।
  - গ। গ্রুপ- ৩ : ঔষধ, তড়িৎ, চিকিৎসা সরঞ্জাম ও অন্যান্য সম্পর্কিত দ্রব্য।
  - ঘ। গ্রুপ- ৪ : অস্ত্র-শস্ত্র ও গোলাবারুদ।
  - ঙ। গ্রুপ- ৫ : বস্ত্র, ব্যারাক, টেনটেজ, শিবির সরঞ্জাম, হাসপাতাল ও অন্যান্য সম্পর্কিত দ্রব্য।
  - চ। গ্রুপ- ৬ : কারখানা ও পরীক্ষা সরঞ্জাম।
  - ছ। গ্রুপ- ৭ : মনুষ্য ও পশুখাদ্য, স্বাস্থ্য ও রাসায়নিক দ্রব্যাদি সহ সেনাবাহিনীর সরবরাহ কোরের পণ্যাদি।
  - জ। গ্রুপ- ৮ : যাবতীয় যন্ত্র এবং গ্রাউন্ড ইকুইপমেন্ট।
  - ঝ। গ্রুপ- ৯ : স্টেশনারী, অফিসে ব্যবহার্য পণ্য ও ফটো সরঞ্জাম।
  - ঞ। গ্রুপ- ১০ : বিমান, হেলিকপ্টার ও নৌ-ইঞ্জিনের যন্ত্রাংশ।
  - ট। গ্রুপ- ১১ : নির্মাণ সরঞ্জাম /উপাদান, লোহালক্কড় ও সাধারণ প্রকৌশল মালামাল।
  - ঠ। গ্রুপ- ১২ : রং, রাসায়নিক দ্রব্য ও মোড়ক উপকরণ।